বিএলআরআই নিউজলেটার

BLRI Newsletter - a free updates on livestock research and production, Volume 11, Issue 04, 2020

দুই দিনব্যাপী "বার্ষিক রিসার্চ রিভিউ ওয়ার্কশপ-২০২০" এর শুভ উদ্বোধন

কৃষিপ্রধান বাংলাদেশে প্রাণিসম্পদ দেশের অর্থনীতির অন্যতম চালিকা শক্তি। ক্ষুধা ও দারিদ্র্য মুক্ত বাংলাদেশ বিনির্মাণে প্রাণিসম্পদ খাত একটি অন্যতম স্তম্ভ হিসেবে ক্রিয়াশীল। এই সেক্টরের বহুমুখী প্রয়োজনীয়তা ও বৃহৎ সংখ্যক কর্মসংস্থানের সুযোগ রয়েছে। এখানে মেধার সর্বোচ্চ প্রয়োগ ঘটিয়ে দেশের সীমিত সম্পদের যথাযথ ব্যবহার করে গবেষণা কার্যক্রম এগিয়ে নিয়ে যেতে হবে। নব নব প্রযুক্তি উদ্ভাবন করে প্রান্তিক পর্যায়ে ছড়িয়ে দিতে হবে। দেশের প্রাণিসম্পদ উন্নয়নে জাতীয় প্রতিষ্ঠান হিসেবে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট গবেষণা কার্যক্রম পরিচালনা করে প্রাণিজ আমিষের চাহিদা পূরণে আশাতীত সাফল্য দেখিয়েছে। বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) কর্তৃক আয়োজিত দুই দিনব্যাপী "বার্ষিক রিসার্চ রিভিউ ওয়ার্কশপ-২০২০" এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী জনাব শ ম রেজাউল করিম, এম পি, এ কথা বলেন। প্রতিষ্ঠালগ্ন থেকে বিএলআরআই দেশের প্রাণিজ আমিষের চাহিদা পূরণের নিমিত্তে যে অসামান্য অবদান রেখেছে মন্ত্রী তার ভূয়সী প্রশংসা করেন।

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের মহাপরিচালক ড. নাথু রাম সরকার এর সভাপতিত্বে দুই দিন ব্যাপী কর্মশালার উদ্বোধনী অধিবেশনে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব রওনক মাহমুদ, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ডাঃ আবদুল জব্বার শিকদার, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর। জনাব সুবোল বোস মনি, অতিরিক্তি সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, শাহ মোঃ ইমদাদুল হক, অতিরিক্তি সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ও মোঃ তৌফিকুল আরিফ, অতিরিক্তি সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়। জনাব রওনক মাহমুদ, সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বলেন, বিএলআরআই হল দেশের প্রাণি ও পোল্ট্রিসম্পদ উন্নয়নে একটি জাতীয় গবেষণা ইনস্টিটিউট। বাংলাদেশকে একটি উন্নত দেশে পরিণত করার জন্য প্রাণিসম্পদের বিভিন্ন ক্ষেত্রে আপনাদের সুপরিকল্পনা বাস্তবায়নে এ মন্ত্রণালয় যাবতীয় সহায়তা প্রদানে সদা প্রস্তুত। তিনি আরও উল্লেখ করেন, কোভিড-১৯ পরিস্থিতিতে বিএলআরআই তাদের নিজস্ব ল্যাবে জাতির ক্রান্তিলগ্নে করোনা ভাইরাস শনাক্তকরণে নমুনা পরীক্ষা করে কোভিড-১৯ নিয়ন্ত্রণে ভূমিকা পালন করছে। তিনি দেশি জাতসমূহের বিশুদ্ধতা বজায় রেখে নতুন নতুন জাত উদ্ভাবনের জন্য বিজ্ঞানীদের প্রতি আহবান জানান।

বিশেষ অতিথির বক্তব্যে, ডাঃ আবদুল জব্বার শিকদার, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর বলেন, বর্তমান সময়ের প্রেক্ষাপটে প্রযুক্তি উদ্ভাবনের জন্য গবেষণা কর্মসূচি হাতে নিতে হবে। ইতোমধ্যে বিএলআরআই কর্তৃক উদ্ভাবিত বেশ কিছু প্রযুক্তি আমাদের কাছে হস্তান্তর করেছে যা আমরা মাঠ পর্যায়ে সম্প্রসারণ করছি। তাছাড়া, কোভিড-১৯ পরিস্থিতিতে প্রাণিসম্পদ খাতকে শক্তিশালী রাখতে বর্তমান সরকারের ভূমিকার কথা তুলে ধরেন।

সভাপতির বক্তব্যে ড. নাথু রাম সরকার বলেন, বিএলআরআই কর্তৃক উদ্ভাবিত প্রযুক্তিসমূহ প্রাণিসম্পদ অধিদপ্তরকে হস্তান্তরের পরে তা মাঠ পর্যায়ে ব্যবহার হচ্ছে। আধুনিক খামার ব্যবস্থাপনায় করণীয় সম্পর্কে খামারীদের জন্য যুগোপযোগী প্রশিক্ষণ দিয়ে আসছে বিএলআরআই। নানাবিধ সীমাবদ্ধতা অতিক্রম করে সময় উপযোগী প্রযুক্তি উদ্ভাবনের মাধ্যমে দেশের প্রাণিসম্পদকে এক নতুন উচ্চতায় নিয়ে যাওয়ার জন্য বিএলআরআই বিজ্ঞানীদেরকে আহবান জনান মহাপরিচালক।

সভাপতির বক্তব্যের পূর্বে পূর্বঘোষিত ২০১৯-২০২০ অর্থ বছরে বিএলআরআই এর ০৩ জন কর্মকর্তা ০১ জন কর্মচারীকে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়। শুদ্ধাচার পুরস্কার প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীগণ মাননীয় মন্ত্রীর নিকট থেকে পুরস্কার গ্রহণ করেন। তাছাড়া, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের পক্ষ থেকে মাননীয় মন্ত্রী ও সচিব মহোদয়কে ক্রেস্ট প্রদান করেন ইনস্টিউটের সম্মানিত মহাপরিচালক ড. নাথু রাম সরকার। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন ইনস্টিটিউটের অতিরিক্ত পরিচালক জনাব মোঃ আজহারুল আমিন।

দুই দিনব্যাপী কর্মশালায় মোট ৬০ টি গবেষণা পত্র উপস্থাপন করা হয়। তন্মধ্যে, ৩১ টি গবেষণা পত্র মৌখিকভাবে ও ২৯ টি গবেষণা পত্র পোস্টারে উপস্থাপন করা হয়। কর্মশালায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়, প্রাণিসম্পদ অধিদপ্তরসহ বিভিন্ন সরকারি ও বেসরকারি সংস্থার শিক্ষক, বিজ্ঞানী ও সম্প্রসারণকর্মীসহ প্রায় ১৮০ জন অংশগ্রণকারী অংশগ্রহণ করেন। উল্লেখ্য যে, কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় এ বছর কম সংখ্যক অংশগ্রহণকারীর অংশগ্রহণে কর্মশালা অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত সচিব শাহ্ মোঃ ইমদাদুল হকের বিএলআরআই পরিদর্শন

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২) জনাব শাহ্ মোঃ ইমদাদুল হক গত ৩০/১২/২০২০ খ্রিঃ তারিখে সাভারস্থ বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট (বিএলআরআই) পরিদর্শন করেন। তাঁর সফরসঙ্গী হিসেবে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের উপসচিব (প্রাণিসম্পদ-২) ড. অমিতাভ চক্রবর্তী এসময় উপস্থিত ছিলেন।

সকাল ১২.৩০ ঘটিকায় অতিরিক্ত সচিব মহোদয় বিএলআরআইতে পৌঁছান। এর পর বিএলআরআই এর মহাপরিচালক জনাব ড. নাথুরাম সরকার তাঁকে বিএলআরআইতে চলমান বিভিন্ন প্রকল্প এবং প্রতিষ্ঠানের বিভিন্ন গবেষণা খামার ও ল্যাবরেটরি ঘুরিয়ে দেখান। বিকাল ৪.০০ ঘটিকায় প্রতিষ্ঠানের সম্মেলন কক্ষে তিনি বিজ্ঞানী ও কর্মকর্তাদের সাথে এক মত বিনিময় সভায় অংশ নেন।

এসময় তিনি সভায় উপস্থিত বিএলআরআই এর বিভিন্ন প্রকল্প পরিচালকগণ ও বিভাগীয় প্রধানগণের কাছ থেকে নিজ নিজ প্রকল্প ও বিভাগের বর্তমান কর্মপরিধি, অগ্রগতি এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা সম্পর্কে জানতে চান এবং দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করেন। মত বিনিময় সভায় সভাপতিত্ব করেন বিএলআরআই এর মহাপরিচালক জনাব ড. নাথু রাম সরকার। এছাড়াও উপস্থিত ছিলেন অতিরিক্ত পরিচালক (সাঃ সাঃ) জনাব মোঃ আজহারুল আমিন।



মত বিনিময় সভা শেষে অতিরিক্ত সচিব মহোদয় বিএলআরআই এর সকল বিজ্ঞানী ও কর্মকর্তাদের একত্রে দেশের প্রাণিসম্পদ উন্নয়নে কাজ করার আহ্বান জানান। একই সাথে তিনি বিএলআরআই এর খামার ব্যবস্থাপনা, বিভিন্ন ধরনের প্রযুক্তি ও টিকা বীজ উদ্ভাবনসহ দেশীয় জাতসমূহ উন্নয়ন ও সংরক্ষণের কার্যক্রম সার্থকভাবে বাস্তবায়ন করার জন্য বিএলআরআই এর বিভিন্ন অবদানের ভূঁয়সী প্রশংসা করেন। অন্যদিকে বিএলআরআই এর মহাপরিচালক বিএলআরআই পরিদর্শনের জন্য অতিরিক্ত সচিব মহোদয়ের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং ভবিষ্যতে মন্ত্রণালয়ের সার্বিক সহযোগিতা কামনা করেন।

বিএলআরআইতে বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠিত

"যেতে নাহি দিব হায়,
তবু যেতে দিতে হয়,
তবু চলে যায়।"

বর্ষ বিদায়ের সাথে সাথে বিদায়ের বিষন্ন সুরে গত ৩১/১২/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয় প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট (বিএলআরআই) এর ছয় কর্মকর্তা ও কর্মচারীর অবসরপূর্ব ও অবসরোত্তর বিদায়ী সংবর্ধনা।

বিদায়ী কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে ছিলেন বিএলআরআই এর প্রাণিস্বাস্থ্য বিভাগের বিভাগীয় প্রধান ও মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোঃ গিয়াসউদ্দিন, তথ্য কর্মকর্তা জনাব শাহ্ আলম, উপ-সহকারী প্রকৌশলী জনাব আব্দুস সামাদ, ল্যাব টেকনিশিয়ান জনাব মোশাররফ

হোসেন, ষাট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর জনাব আব্দুল করিম এবং গাড়িচালক জনাব আওলাদ হোসেন।

বিএলআরআই এর মহাপরিচালক ড. নাথু রাম সরকার মহোদয়ের সভাপতিত্বে বিকাল ৪.০০ ঘটিকায় বিএলআরআই এর সম্মেলন কক্ষে উক্ত অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিএলআরআই এর অতিরিক্ত পরিচালক (সাঃ সাঃ) জনাব মোঃ আজহারুল আমিন।

অনুষ্ঠানে বিদায়ী ব্যক্তিদের উদ্দেশ্যে স্মৃতিচারণ করেন মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা, বৈজ্ঞানিক কর্মকর্তা পর্যায়ের একাধিক বক্তা। বক্তারা তাঁদের এই বিদায়কে কেবল প্রাতিষ্ঠানিক একটি পর্যায়ের সমাপ্তি হিসাবে দেখে প্রতিষ্ঠানের প্রতি ভবিষ্যতেও তাদের সহযোগিতা অব্যাহত রাখার আহ্বান জানান।

অন্যদিকে বিগত দিনের কথা স্মরণ করে আবেগাপ্লুত হয়ে পড়েন বিদায়ী বক্তারা। একই সাথে প্রতিষ্ঠানের সকলের প্রতি নিজেদের সহযোগিতা অব্যাহত রাখার প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

সভাপতি ড. নাথু রাম সরকার, মহাপরিচালক, বিএলআরআই, তাঁর সমাপনী বক্তব্যে বলেন, এ ইনস্টিটিউটকে আজকের পর্যায়ে নিয়ে আসার জন্য তাদের শ্রম, কর্তব্যনিষ্ঠা এবং ইনস্টিটিউটের প্রতি ভালোবাসা অত্যন্ত গভীর। আগামী দিনগুলোতে বিএলআরআই এর যে কোন কর্মকাণ্ডে উনারা সব সময় আমাদের সাথে থাকবেন। এ আশাবাদ ব্যক্ত করে এবং সকলের দীর্ঘায়ু কামনা করে তিনি বিদায় অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

বাংলাদেশ জার্নাল অব লাইভস্টক রিসার্চ এর সম্পাদনা পরিষদের ২২তম সভা অনুষ্ঠিত

গত ৩১/১২/২০২০ খ্রিঃ তারিখ বিএলআরআই কর্তৃক নিয়মিত প্রকাশিত "বাংলাদেশ জার্নাল অব লাইভস্টক রিসার্চ (বিজেএলআর)" এর সম্পাদনা পরিষদের ২২তম সভা বেলা ১১:০০ ঘটিকায় জুম প্লাটফর্মে অনুষ্ঠিত হয়। জুম প্লাটফর্মে অনুষ্ঠিত সভা শেষে প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে ইনস্টিটিউটের অভ্যন্তরীণ সদস্যদের উপস্থিতিতে পৃথক আর একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন বিজেএলআর এর চেয়ারম্যান ও ইনস্টিটিউটের সম্মানিত মহাপরিচালক ড. নাথু রাম সরকার।

ভাঙ্গায় "ব্ল্যাক বেঙ্গল ছাগল পালন ও ব্যবস্থাপনা" শীর্ষক প্রশিক্ষণ অনুষ্ঠিত

ভাঙ্গায় "ব্ল্যাক বেঙ্গল ছাগলের জাত সংরক্ষণ ও উন্নয়ন গবেষণা" প্রকল্প থেকে ৬০ জন ছাগল খামারীদেরকে নিয়ে " ব্ল্যাক বেঙ্গল ছাগল পালন ও ব্যবস্থাপনা" শীর্ষক তিন দিনের প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে ১৮ ডিসেম্বর' ২০২০ শুক্রবার সকাল ১০ টায় ফরিদপুরের ভাঙ্গায় ঢাকা-বরিশাল মহাসড়কের পাশে অবস্থিত "বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষনা ইনস্টিটিউট" (বিএলআরআই) এর আঞ্চলিক কেন্দ্রে এই প্রশিক্ষণ শুরু হয়।

প্রশিক্ষণ কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এর উদ্ভোধন করেন বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টটিউটের মহাপরিচালক ড. নাথু রাম সরকার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএলআরআই এর সাবেক মহাপরিচালক ড. খান শহীদুল হক, বিএলআরআই এর মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মো: আবদুল জলিল, ভাঙ্গা উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. রাকিবুর রহমান খান।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রকল্পটির পরিচালক ড. ছাদেক আহমেদ। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিএলআরআই'র বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাঃ মোঃ হাবিবুর রহমান।

উদ্বোধনী অনুষ্ঠান শেষে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট এর মহাপরিচালক ড. নাথু রাম সরকার আগত অন্যান্য অতিথিগণকে নিয়ে কয়েকজন সফল খামারীর খামার পরিদর্শন করেন।

এসময় মহাপরিচালক তাঁর বক্তব্যে খামারীদেরকে ব্ল্যাক বেঙ্গল জাতের ছাগল পালনের গুরুত্ব ও এর সংরক্ষণের প্রয়োজনীয়তার বিষয়ে আলোকপাত করেন।

বিএলআরআই এ মহান বিজয় দিবস উদযাপিত

১৬ ডিসেম্বর ২০২০, মহান বিজয় দিবস। আজ থেকে ৪৯ বছর আগে ১৯৭১ সালের এই দিনে পাক হানাদার বাহিনীর সাথে ৯ মাসের

রক্তক্ষয়ী যুদ্ধ শেষে স্বাধীনতা ছিনিয়ে আনে বাংলা মায়ের দামাল ছেলেরা। বাংলার আকাশে উদিত হয় স্বাধীনতার নতুন সূর্য। দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপন করেছে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই)। সরকারি অনুশাসন অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে দিবসটি উদযাপন করা হয়। ইনস্টিটিউটের মহাপরিচালক ড. নাথু রাম সরকারের নেতৃত্বে প্রত্যুষে স্বাধীনতা যুদ্ধের সকল শহীদের প্রতি শ্রদ্ধা জানাতে স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণ করা হয়। সূর্যদয়ের সাথে সাথে উত্তোলন করা হয় জাতীয় পতাকা। জাতীয় পতাকা উত্তোলনের সময় ইনস্টিটিউটের বিভাগীয় প্রধানগণ মহাপরিচালক মহোদয়ের সাথে ছিলেন। বা'দ যোহর বিএলআরআই জামে মসজিদে দোয়া মাহফিলের আয়োজন করা হয়। দোয়া মাহফিলে স্বাধীনতা যুদ্ধের সকল শহীদ, যুদ্ধাহত মুক্তিযোদ্ধা ও দেশের কল্যাণের জন্য মোনাজাত করা হয়। দিবসটি উদযাপন উপলক্ষে বিএলআরআই ক্যাম্পাসকে সাজানো হয় বর্ণিল সাজে। কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় স্বাস্থ্য বিধি মেনে সীমিত আকারে উদযাপন করা হয় এ বছরের বিজয় দিবস।

মতবিনিময় সভা অনুষ্ঠিত

গত ১৬/১১/২০২০ খ্রিঃ তারিখ বেলা ১১:৩০ ঘটিকায় বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) এ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (প্রাণিসম্পদ-২) এর অতিরিক্ত সচিব জনাব শাহ্ মোঃ ইমদাদুল হক স্যার এর সাথে একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ইনস্টিটিউটের সকল বিভাগের বিভাগীয় প্রধানগণ সহ উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। সভাটির সভাপতিত্ব করেন ইনস্টিটিউটের মহাপরিচালক ড. নাথু রাম সরকার। অত্র ইনস্টিটিউটের গবেষণা কার্যক্রমসহ অন্যান্য বিষয়ে মতবিনিময় করেন। এছাড়াও তিনি অত্র ইনস্টিটিউটের অ্যান্টিমাইক্রোবিয়াল রেজিস্ট্যান্স গবেষণাগার পরিদর্শন করেন।

তিন দিনব্যাপী গাভী পালন বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

গত ১৬/১১/২০২০ খ্রিঃ তারিখ সকাল ০৯:০০ ঘটিকায় বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) এ "গাভী পালন ও ব্যবস্থাপনায় বিএলআরআই এর উন্নত প্রযুক্তির ব্যবহার" শীর্ষক তিন দিন ব্যাপি একটি খামারি/উদ্যোক্তা প্রশিক্ষণ কোর্সের উদ্বোধনী অনুষ্ঠানে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (প্রাণিসম্পদ-২) এর অতিরিক্ত সচিব জনাব শাহ্ মোঃ ইমদাদুল হক, প্রধান অতিথি হিসেবে অনুষ্ঠান উদ্বোধন করেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আজহারুল আমিন, অতিরিক্ত পরিচালক, বিএলআরআই এবং সভাপতির দায়িত্ব পালন করেন ইনস্টিটিউটের মহাপরিচালক, ড. নাথু রাম সরকার। প্রশিক্ষণ কোর্সটির কোর্স পরিচালক এবং কোর্স কো-অর্ডিনেটর হিসেবে দায়িত্ব পালন করেন যথাক্রমে ড. নাসরিন সুলতানা, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান, প্রশিক্ষণ, পরিকল্পনা ও প্রযুক্তি পরীক্ষণ বিভাগ এবং কামরুন নাহার মনিরা, উর্দ্ধতন প্রশিক্ষণ কর্মকর্তা, প্রশিক্ষণ, পরিকল্পনা ও প্রযুক্তি পরীক্ষণ বিভাগ, বিএলআরআই। প্রশিক্ষণটি আধুনিক ও বৈজ্ঞানিক পদ্বতিতে গাভী পালনে এবং নতুন উদ্যোক্তা সৃষ্টিতে অবদান রাখবে।

এনিমেল ইথিক্যাল কমিটির সভা অনুষ্ঠিত

গত ১৫/১১/২০২০ তারিখে ১২.৩০ ঘটিকায় ড. নাথু রাম সরকার, মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের এনিমেল ইথিক্যাল (Ethical) কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিএলআরআই এর অতিরিক্ত পরিচালক সহ সকল বিভাগের বিভাগীয় প্রধানবৃন্দ উপস্থিত ছিলেন। সভাটি পরিচালনা করেন অ্যানিম্যাল ইথিক্যাল কমিটির সদস্য সচিব ও বিভাগীয় প্রধান, প্রাণিস্বাস্থ্য গবেষণা বিভাগ, ড. মোঃ গিয়াসউদ্দিন।

বিনামূল্যে কৃমিনাশক বিতরণ ক্যাম্পিং

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের আঞ্চলিক কেন্দ্র, রাজাবাড়ী হাট, গোদাগাড়ী, রাজশাহীতে খামারীদের মাঝে ৩০/০৯/২০২০ খ্রি. তারিখে বিনামূল্যে কৃমিনাশক ঔষধ বিতরণ "ক্যাম্পিং" করা হয়।

বিনামূল্যে সার বিতরণ

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের আঞ্চলিক কেন্দ্র, গোদাগাড়ী, রাজশাহীতে "রেড চিটাগাং ক্যাটেল উন্নয়ন ও সংরক্ষণ প্রকল্প (২য় পর্যায়)" এর খামারীদের মাঝে ঘাস চাষের জন্য বিনামূল্যে সার বিতরণ করা হয়। গত ০৫/১১/২০২০ খ্রি. (বৃহঃবার)।

ব্ল্যাক বেঙ্গল ছাগলের জাত সংরক্ষণ ও উন্নয়ন গবেষণা প্রকল্পের কার্যক্রম পরিদর্শন।

ব্ল্যাক বেঙ্গল জাতের ছাগল খ্যাত মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়নের আশরাফপুর গ্রামে গত ৭ নভেম্বর ২০২০ খ্রিস্টাব্দ বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (BLRI), সাভার, ঢাকা এর ব্ল্যাক বেঙ্গল ছাগলের জাত সংরক্ষণ ও উন্নয়ন গবেষণা প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করা হয়। গত জানুয়ারি ২০২০ তারিখ হতে শুরু হওয়া ৫ বছর মেয়াদী এই প্রকল্পের অধীনে উক্ত এলাকার ছাগলের বিভিন্ন রোগ ব্যাধির নমুনা সংগ্রহ (স্যাম্পল কালেকশন) এবং ছাগলের জাত উন্নয়ন কার্যক্রম পরিচালনাসহ বিএলআরআই কর্তৃক উদ্ভাবিত বিভিন্ন আধুনিক বৈজ্ঞানিক প্রযুক্তিসমূহ মাঠ পর্যায়ে সম্প্রসারণ করা হচ্ছে। ইতোমধ্যেই নির্বাচিত ৩০ জন ছাগল খামারীর মধ্যে ঘাসের প্রদর্শনী প্লটের জন্য সার এবং ছাগলের জন্য কৃমিনাশক ঔষধ ও খাবার পাত্র বিতরণ করা হয়।

পরিদর্শনকৃত খামার মালিকের নামঃ-

১. মোঃ মনিরুল ইসলাম, ছাগল সংখ্যা ১৪টি
২.মোছাঃ রোকেয়া খাতুন, ছাগল সংখ্যা ৮টি
৩. মোছাঃ খাদিজা খাতুন, ছাগল সংখ্যা ৫টি
৪. মোঃ শাহাবুদ্দিন, ছাগল সংখ্যা ৭টি
৫. মোছাঃ মাহিমা খাতুন, ছাগল সংখ্যা ৭ টি
৬. মোছাঃ সোনাভানু, ছাগল সংখ্যা ৬টি।

সকল খামারেই প্রয়োজনীয় দিক নির্দেশনা ও কারিগরি পরামর্শ প্রদান করা হয়।

পরিদর্শনকালীন সঙ্গে ছিলেন
BLRI, সাভার, ঢাকার
বৈজ্ঞানিক কর্মকর্তা,
ডাঃ সোনিয়া আক্তার;
ও
রিসার্চ অ্যাসোসিয়েট
কে এম মোস্তাফিজুর রহমান (মুন্না),
সৌরভ কুমার পাল,
মোঃ সায়েম ইসলাম ও
মোঃ মুরাদ হক।

ডাঃ মোঃ জাহাঙ্গীর আলম,
জেলা প্রাণিসম্পদ অফিসার,
মেহেরপুর।

গণ টিকাদান কর্মসূচি অনুষ্ঠিত

নদী, নালা, খাল বিল সম্বলিত ভাঙ্গা, ফরিদপুর জেলার প্রাণিসম্পদের অপার সম্ভাবনার একটি উপজেলা ।এখানে হাসঁ, দেশি মুরগি ও ছাগল পালনের একটি সুদূরপ্রসারী সম্ভাবনা রয়েছে। বর্তমানে এখানে বিএলআরআই এর একটি আঞ্চলিক কেন্দ্র স্থাপিত হয়েছে। প্রাণিরোগ মুক্ত আদর্শ গ্রাম বাস্তবায়ন করে নিরাপদ প্রাণিজ আমিষ উৎপাদন লক্ষ্যকে সামনে রেখে নতুন প্রাণি প্রবেশের পূর্বে অভ্যন্তরীণ প্রাণির রোগ প্রতিরোধ ক্ষমতা নিশ্চিত করণ উদ্দেশ্যকে সামনে রেখে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (বিএলআরআই) গত ৬/১১/২০২০ খ্রিঃ থেকে ৭/১১/২০২০ খ্রিঃ তারিখে ফরিদপুরের ভাঙ্গা উপজেলার গঙ্গাধরদি গ্রামে ছাগলের পিপিআর, গরুর ক্ষুরারোগ ও মুরগির রাণিক্ষেত রোগের টিকা প্রদান (Mass Vaccination) কর্মসূচি সম্পন্ন করা হয়। এ সময় প্রায় ৩০০ ছাগল, ৫০০ গরু ও ২০০০ মুরগিতে টিকা প্রদান করা হয়। টিকা প্রদান করার পূর্বে প্রাণির রোগ প্রতিরোধ ক্ষমতা নির্ণয় করার জন্যে এ সকল প্রাণি থেকে কিছু রক্ত নমুনা সংগ্রহ করা হয়। কর্মসূচিটি সফল ভাবে সম্পন্ন করার জন্য বিএলআরআই আঞ্চলিক কেন্দ্র ভাঙ্গা ফরিদপুর, FAO এবং SDC সার্বিক সহযোগিতা

প্রদান করেছে। অনুষ্ঠানটির প্রধান অতিথি ছিলেন বিএলআরআই এর সম্মানীয় মহাপরিচালক ড. নাথু রাম সরকার এবং সভাপতিত্ব করেন ড. খান শহিদুল হক, সাবেক মহাপরিচালক বিএলআরআই। উক্ত অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ড. মোঃ গিয়াসউদ্দিন, সিএসও এবং বিভাগীয় প্রধান, প্রাণিস্বাস্থ্য গবেষণা বিভাগ, ড. আব্দুল জলিল, সিএসও এবং বিভাগীয় প্রধান, প্রাণি উৎপাদন গবেষণা বিভাগ, ড. সাদেক আহমেদ, এসএসও এবং বিভাগীয় প্রধান, ছাগল ও ভেড়া উৎপাদন গবেষণা বিভাগ এবং ডাঃ মোঃ জাকির হাসান, এসও, প্রাণিস্বাস্থ্য গবেষণা বিভাগ।

প্রধান অতিথি তার বক্তব্যে এ ধরনের রোগ নিয়ন্ত্রণ কর্মসূচি আরো বাস্তবায়ন করার জন্য জোর দেন। FAO প্রতিনিধি এই এলাকায় ভালো জাতের ছাগল, হাসঁ, মুরগি প্রদানের প্রতিশ্রুতি ব্যক্ত করেন। প্রাণী রোগ মুক্ত থাকলে নিরাপদ প্রাণিজ আমিষ উৎপাদন নিশ্চিত হবে এ লক্ষ্যে কাজ করার জন্য বিজ্ঞানীবৃন্দ কাজ করবেন বলে আশাবাদ ব্যক্ত করেন।

সেনাবাহিনীর পরিদর্শক দল কর্তৃক বিএলআরআই পরিদর্শন

গত ০৩/১১/২০২০ খ্রিঃ তারিখ আরভিএন্ডএফ ডিপো, সাভার সেনানিবাস এর সার্বিক তত্ত্বাবধানে পরিচালিত “ব্যবহারিক প্রশিক্ষণ/পরিদর্শন পরিকল্পনা-অফিসার্স বেসিক কোর্স (আরভিএফসি)-১৫” এর অংশ হিসেবে বাংলাদেশ সেনা বাহিনীর একটি পরিদর্শক দল বিএলআরআই পরিদর্শন করেন। পরিদর্শন শেষে ইনস্টিটিউটের সম্মেলন কক্ষে একটি মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন। মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন ইনস্টিটিউটের সম্মানিত মহাপরিচালক ড. নাথু রাম সরকার।

প্রকল্প অনুমোদনের জন্য কারিগরি কমিটির সভা অনুষ্ঠিত

গত ২৯/১০/২০২০ খ্রিঃ তারিখ সকাল ১১:০০ ঘটিকায় বিএলআরআই এর ২০২০-২০২১ অর্থ বছরে প্রস্তাবিত নতুন গবেষণা প্রকল্প অনুমোদনের জন্য কারিগরি কমিটির একটি সভা ইনস্টিটিউটের প্রশাসনিক ভবনের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় কারিগরি কমিটির কিছু সংখ্যক সম্মানিত সদস্য সভায় জুম প্লাটফর্মে অংশগ্রহণ করেন। কারিগরি কমিটির উক্ত সভায় সভাপতিত্ব করেন ইনস্টিটিউটের সম্মানিত মহাপরিচালক ড. নাথু রাম সরকার।

দেশি ভেড়া হতে বাংলা ল্যাম্ব উৎপাদন শীর্ষক প্রযুক্তির খামারী পর্যায়ে ভেলিডেশন

বিএলআরআই কর্তৃক উদ্ভাবিত "দেশি ভেড়া হতে বাংলা ল্যাম্ব উৎপাদন" শীর্ষক প্রযুক্তির খামারী পর্যায়ে ভেলিডেশন হচ্ছে কৃষি গবেষণা ফাউন্ডেশন এর অর্থায়নে। সুস্বাদু ও গুণগত মানে ছাগল ও গরুর মাংসের চেয়েও উন্নত বিধায় ভেড়ার মাংসের গ্রহণযোগ্যতা বৃদ্ধিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। শীঘ্রই ভেড়ার মাংস দোকানে ছাগলের পরিবর্তে ভেড়া হিসাবেই বিক্রি হবে এই প্রত্যাশা। এ লক্ষ্যে মাঠ পর্যায়ে উৎপাদিত ল্যাম্বের কারসাস ক্যারেক্টারিস্টিক্স ও মাংসের গুণাগুণ নির্ণয় কার্যক্রম চলছে।

মহাপরিচালকের নাইক্ষ্যংছড়ি আঞ্চলিক কেন্দ্র পরিদর্শন

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের সম্মানিত মহাপরিচালক ড. নাথু রাম সরকার গত ১০/১০/২০২০ ইং তারিখে অত্র ইনস্টিটিউটের আঞ্চলিক কেন্দ্র নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি নবনির্মিত RCC গরুর শেড ও ব্ল্যাক বেঙ্গল ছাগলের শেড নির্মাণ বিষয়ে গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করেন। একইসাথে তিনি গবেষণা খামারের সার্বিক কর্মকাণ্ড সরেজমিনে প্রত্যক্ষ করেন।

বিএলআরআই আঞ্চলিক কেন্দ্রসমূহে মহান বিজয় দিবস উদযাপন

মহান বিজয় দিবস ২০২০ উপলক্ষে বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট কর্তৃক সকাল ৬.৩০ টায় জাতীয় পতাকা উত্তোলন, ৮.৩০ এ বীর মুক্তিযোদ্ধাদের প্রতি স্মৃতিসৌধে শ্রদ্ধাঞ্জলি এবং আলোকসজ্জার আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানটিতে পোল্ট্রি গবেষণা ও উন্নয়ন জোরদারকরণ প্রকল্পের পিএইচডি ফেলো জনাব রুহুল আমিন স্যারের উপস্থিতিতে কার্যবিধি পরিচালনা করা হয়। স্থান আঞ্চলিক কেন্দ্র ভাঙ্গা, ফরিদপুর।

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট আঞ্চলিক কেন্দ্র নাইক্ষ্যংছড়ি, বান্দরবানে মহা উৎসাহ ও উদ্দীপনার মধ্য দিয়ে ৪৯ তম মহান বিজয় দিবস উদযাপন করা হয়। এই দিনে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করা হয় আমাদের মহান নেতা জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ স্বাধীনতা যুদ্ধের ৩০ লক্ষ শহীদ এবং সম্ভ্রম হারানো ২ লক্ষ মা-বোনকে যাদের মহান ত্যাগের বিনিময়ে আমরা পেয়েছি লাল সবুজের এক পতাকা। "কবিতায় আর কি লিখব?
যখন বুকের রক্তে লিখেছি একটি নামঃ বাংলাদেশ।"

মহান বিজয় দিবস। বাঙালি জাতির হাজার বছরের শৌর্যবীর্য এবং বীরত্বের এক অবিস্মরণীয় দিন। ৪৯ বছর আগে এক সাগর রক্তের বিনিময়ে এই ১৬ই ডিসেম্বরে এসেছিল বাংলার স্বাধীনতা। লাখ লাখ বীর মুক্তিযোদ্ধার রক্তস্রোত, স্বামী-সন্তানহারা নারীর অশ্রুধারা, দেশের শ্রেষ্ঠ সন্তান বুদ্ধিজীবীদের হত্যা আর বীরাঙ্গনাদের সীমাহীন ত্যাগের বিনিময়ে ৯ মাসের যুদ্ধ শেষে অর্জিত হয়েছিল মহান এই বিজয়। এই দিনে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করা হয় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী সকল শহীদদেরকে। বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট আঞ্চলিক কেন্দ্র, যশোরে নানা কর্মসূচির মধ্য দিয়ে যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস উদযাপন করা হয়।

ময়মনসিংহের ভালুকায় ব্ল্যাক বেঙ্গল ছাগল পালন ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

"ব্ল্যাক বেঙ্গল ছাগলের জাত সংরক্ষণ ও উন্নয়ন গবেষণা" প্রকল্পের নির্বাচিত ৩০ জন গবেষণা সহযোগী খামারীদেরকে নিয়ে "ব্ল্যাক বেঙ্গল ছাগল পালন ও ব্যবস্থাপনা" শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি গত ১১/১২/২০২০ খ্রিঃ তারিখে ময়মনসিংহ জেলার ভালুকা উপজেলার পাড়াগাও নবদিগন্ত উচ্চ বিদ্যালয়ের হল রুমে শুরু হয়। উক্ত প্রশিক্ষণ

কর্মসূচিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এর উদ্বোধন করেন বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউটের সম্মানিত মহাপরিচালক ড. নাথু রাম সরকার। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ড. মোঃ আবদুল জলিল, মূখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান, প্রাণী উৎপাদন গবেষণা বিভাগ, বিএলআরআই। বিশেষ অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন উপ-পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ময়মনসিংহ জনাব ডাঃ প্রতিমা রানী দেবনাথ। এছাড়াও উপস্থিত ছিলেন জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা (ভারপ্রাপ্ত), ময়মনসিংহ জনাব ডাঃ তানভীন সুলতানা ও ভালুকা উপজেলার প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ এম এম এ আউয়াল তালুকদার। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উক্ত প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব ড. ছাদেক আহমেদ। উদ্বোধনী অনুষ্ঠানের পর অতিথিগণ ব্ল্যাক বেঙ্গল ছাগল পালন ও ব্যবস্থাপনা বিষয়ে খামারীগণকে প্রশিক্ষণ প্রদান করেন। অতঃপর মহাপরিচালক মহোদয় অন্যান্য অতিথিগণকে নিয়ে কয়েকজন খামারীর খামার পরিদর্শন করেন। মহাপরিচালক মহোদয় তাঁর বক্তব্যে খামারীদেরকে ব্ল্যাক বেঙ্গল ছাগলের গুরুত্ব ও এর সংরক্ষণের প্রয়োজনীয়তা বিষয়ে আলোকপাত করেন।

ইয়ন বায়োসায়েন্স লিঃ বদরগঞ্জ রংপুরে হাইটেক ডেইরী ফার্মে গবাদী প্রাণীর রক্ত প্রটোজোয়া ভ্যাকসিনের সফল ট্রায়াল সম্পন্ন।

ইয়ন বায়োসায়েন্স লিঃ বদরগঞ্জ রংপুরে একটি হাইটেক ডেইরী ফার্ম রয়েছে। বর্তমানে সেখানে ৩৫০ এর অধিক ১০০% বিশুদ্ধ হলস্ট্রেইন ফ্রিজিয়ান জাতের গরু আছে। এপ্রিল' ২০২০ মাসে উক্ত খামারে কয়েকদিনের মধ্যে প্রায় ৩০ টি বিশুদ্ধ হলস্ট্রেইন ফ্রিজিয়ান জাতের গরু মারা যাওয়ার পর প্রেরিত রক্ত নমুনা প্যারাসাইটোলজি ল্যাবরেটরি, প্রাণিস্বাস্থ্য গবেষণা বিভাগ, বিএলআরআই এ পরীক্ষন করে গত

০৫/০৫/২০২০ খ্রিঃ তারিখে রক্ত প্রটোজোয়ার (বেবিসিয়া, এনাপাজমা ও থেইলেরিয়া) সংক্রমণ সনাক্ত হয়। রক্ত প্রটোজোয়া সংক্রমণ থেকে উত্তরণের জন্য ইয়ন বায়োসায়েন্স লিঃ প্রাণিস্বাস্থ্য গবেষণা বিভাগ হতে সরবরাহকৃত চিকিৎসা পদ্ধতি ও নিয়ন্ত্রণ বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করে সংকটাপন্ন অবস্থা থেকে উত্তরণ লাভ করেন। অতঃপর, ইয়ন বায়োসায়েন্স লিঃ এর কর্ণধার জনাব মোমিন উদ দৌলা এর আমন্ত্রণে গত ২৫/০৯/২০২০ খ্রিঃ তারিখে ড. নাথু রাম সরকার, মহাপরিচালক বিএলআরআই, ড. মোঃ গিয়াসউদ্দিন, সিএসও এবং বিভাগীয় প্রধান, প্রাণিস্বাস্থ্য গবেষণা বিভাগ, ড. আব্দুল জলিল, সিএসও এবং বিভাগীয় প্রধান, প্রাণি উৎপাদন গবেষণা বিভাগ, এবং ডাঃ মোঃ জাকির হাসান, এসও, প্রাণীস্বাস্থ্য গবেষণা বিভাগ সরেজমিনে ইয়ন বায়োসায়েন্স লিঃ হাইটেক ডেইরী ফার্ম বদরগঞ্জ পরিদর্শন করেন এবং প্রাণিস্বাস্থ্য, পুষ্টি, প্রজনন ও বায়োসেফটি বিষয়ে উন্মুক্ত আলোচনা ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করেন। উক্ত আলোচনায় জনাব মোমিন উদ দৌলা প্রাণিস্বাস্থ্য গবেষণা বিভাগ কর্তৃক উদ্ভাবিত রক্ত প্রটোজোয়ার ভ্যাকসিন সমন্ধে অবহিত হন এবং তাদের খামারে প্রদানের জন্য অনুরোধ করেন। ইয়ন বায়োসায়েন্স লিঃ এর আগ্রহের প্রেক্ষিতে গত ২২/১১/২০২০ খ্রিঃ তারিখে উক্ত খামারের ১ম পর্যায়ে ৫০ টি গরুতে প্রটোজোয়া ভ্যাকসিনের সফল ট্রায়াল সম্পন্ন হয়। ভ্যাকসিন পরবর্তী রোগ প্রতিরোধ মাত্রা (এন্টিবডি) জানার জন্য ভ্যাকসিন পূর্ববর্তী রক্ত নমুনা সংগ্রহ করা হয়। উক্ত ভ্যাকসিন প্রদান কর্মসূচিতে ডাঃ মোঃ আইনুল হক, সাবেক মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ডাঃ মোঃ সিরাজুল ইসলাম, পরিচালক ইয়ন বায়োসায়েন্স লিঃ সহ উক্ত প্রতিষ্ঠানের ভেটেরিনারিয়ান ডাঃ মোঃ আরেফিন সিদ্দিকি ও সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বিএলআরআই এর প্রতিনিধি হিসেবে ড. মোঃ গিয়াসউদ্দিন, সিএসও এবং ডাঃ মোঃ জাকির হাসান এসএসও ট্রায়ালটি সম্পন্ন করেন। ডাঃ মোঃ আইনুল হক এ ট্রায়ালের সফলতা ও সুদূর প্রসারী সম্ভাবনা নিয়ে আশাবাদ ব্যক্ত করেন। ড. মোঃ গিয়াসউদ্দিন এই ভ্যাকসিন ট্রায়ালের ভালো কার্যকর হবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

উপদেষ্টা
ড. মোঃ আবদুল জলিল
মহাপরিচালক
সম্পাদনা পরিষদ
ড. ছাদেক আহমেদ
মোঃ আল-মামুন
মোঃ জাহিদুল ইসলাম
দেবজ্যোতি ঘোষ